কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

মহা ব্যবস্থাপক(বীজ) এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০- ৫৯৫(৩৫)

তারিখ ঃ ১৭/০৫/২০১২ খ্রিঃ

বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ০৮/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬০তম সভার কার্যবিবরণী প্রেরণ।

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৮/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬০তম সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।

১৭/৫/১২

(মোঃ আজিজুল হক)
সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি
কৃষি মন্ত্রণালয়
ও
মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি, ঢাকা
E-mail: gmseed@badc.gov.bd
ফোন ঃ ৯৫৫২৩১৭

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহা পরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৮। পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
১০। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১৪। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাদিরগঞ্জ, আমবাগান, রাজশাহী-৬২০২।
১৫। মহা ব্যবস্থাপক(পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ কণ্ট্রো/সিডিপি ক্রপস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক (বীআমক/বীউ/ডাল ও তৈল বীজ/ মাবীসবৃ/প্রসবীউপ্রবি), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৮। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, ১৭/১ লেক সার্কাস, এ্যাপার্টমেন্ট নং-৩এ (৪র্থ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
২। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৪। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। মহা পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহা পরিচালক, , বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। মহা পরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৮। মহা পরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৮/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬০তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৬০তম সভা ০৮/০৫/২০১১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫১২, ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব সৈয়দ মুস্তাফিজুর রহমান সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট 'গ'-তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে বাংলা নববর্ষ ১৪১৯ এর শুভেচ্ছাসহ স্বাগত জানান। এরপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি জনাব মোঃ আজিজুল হককে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি সভায় উপস্থাপন করেন ঃ

আলোচ্য সূচী ১ ঃ ১২/০১/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৯তম সভার কার্য বিবরণী অনুমোদন।

সদস্য সচিব ও মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তর স্মারক নং ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৪৬৩ তারিখ ১৯/০১/২০১২ মোতাবেক ৫৯তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। কার্যবিবরণীর বিষয়ে অদ্যাবধি কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। সভাপতি মহোদয় ৫৯তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী, সংযোজন ও বিয়োজন না থাকলে তা অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় কার্যবিবরণীর বিষয়ে অন্য কোন আপত্তি বা সংশোধনীর প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে ৫৯তম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ২ ঃ ১২/০১/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৯তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব ৫৯তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সীড প্রমোশন কমিটির ৫৯তম সভায় ২টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

আলোচ্যসূচীর ক্রমিক নং	বিষয়	বাস্তবায়নের অগ্রগতি
০২	**বিষয় ঃ ২০১২-১৩ বর্ষে আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** সিদ্ধান্ত ঃ (১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ৭৫০ মে.টন ভিত্তি ও ৬০০ মে.টন প্রত্যায়িতসহ মোট ১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন করবে। **দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ**	(১) ২০১২-১৩ বর্ষে বিএডিসি খামারের মাধ্যমে মৌল বীজ দ্বারা ৪০৮ মে.টন ভিত্তি-১ ও নিজস্ব মজুদ ভিত্তি-১ বীজ দ্বারা ২৫৮ মে.টন ভিত্তি-২ সহ মোট ৬৬৫.৫ মে.টন ভিত্তি, নিজস্ব মজুদ ভিত্তি-২ বীজ দ্বারা ৮৪.৫ মে.টন প্রত্যায়িত শ্রেণী এবং কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনসমূহে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ভিত্তি বীজ দ্বারা ৬০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর অর্থাৎ সর্বমোট(৬৬৫.৫+৮৪.৫+৬০০)=১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন কার্যক্রম চলছে। সংস্থার বীজ উৎপাদন খামার এবং কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনসমূহে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজতলা তৈরীর কাজ সম্পন্ন হয়েছে এবং নির্ধারিত সময়ে চারা রোপন কাজ শুরু হবে। এ পর্যায়ে মহা পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় দেশে কৃষকদের চাহিদার নিরীখে চলতি ২০১১-১২ বোরো মৌসুমে বিএডিসি'র মাধ্যমে উৎপাদিত বোরো বীজ হতে ৫০ মে.টন বিআর-১৪, ৫০ মে.টন বিআর-১৬, ২০০ মে.টন বিআর-২৬ ও ৩৫০ মে.টন বিআর-২৮ জাতের মোট ৬৫০ মে.টন আউশ বীজ হিসাবে সংরক্ষণের প্রস্তাব করেন। তিনি আগামী ২০১২-১৩ বর্ষে আউশ বীজের সংরক্ষণ ও বিতরণ লক্ষ্যমাত্রা মোট (১৩৫০+৬৫০)=২০০০মে.টন নির্ধারণের জন্য প্রস্তাব করেন। মহা পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের প্রস্তাব অনুযায়ী ২০১২-১৩ বর্ষে আউশ মৌসুমে বিতরণের লক্ষ্যে ২০০০ মে.টন আউশ বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণের বিষয়ে সভায় সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন ও সভাপতি মহোদয় তা অনুমোদন করেন।

আলোচ্যসূচীর ক্রমিক নং	বিষয়	বাস্তবায়নের অগ্রগতি
	(২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০১১-১২ বর্ষে ১১টি জাতের ৬৭১০ কেজি ব্রিডার আউশ ধান বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। ব্রি হতে ব্রিডার বীজ সরবরাহ অপ্রতুল হলে বিএডিসি ২০১০-১১ বর্ষে উৎপাদিত ও সংরক্ষিত নিজস্ব ভিত্তি ও প্রত্যায়িত/ মানঘোষিত শ্রেণীর বীজ ব্যবহার করবে। **দায়িত্বঃ ব্রি ও বিএডিসি**	(২) ২০১১-১২ বর্ষে ব্রি ৯টি জাতের ২৭৫০ কেজি ব্রিডার আউশ ধান বীজ বিএডিসি'কে সরবরাহ করেছে। কর্মসূচি মোতাবেক বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিএডিসি ২০১০-১১ বর্ষের নিজস্ব উৎপাদিত ২০২০ কেজি ভিত্তি-১ শ্রেণী ও ৬৫০ কেজি ভিত্তি-২ শ্রেণীর বীজ ব্যবহার করেছে।
	(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। **দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান**	(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রায় ৪৪১০টি আউশ ধানের প্রদর্শনী প্লট স্থাপন ও বাস্তবায়নের পদক্ষেপ নেয়ার বিষয়টি পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তাছাড়া বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ব্রি ধান-৪৫, ব্রি ধান-৪৭, ব্রি ধান-৪৮, ব্রি ধান-৪৯, ব্রি ধান-৫০, ব্রি ধান-৫১, ব্রি ধান-৫২, ব্রি ধান-৫৩, ব্রি ধান-৫৪, ব্রি ধান-৫৫, ব্রি ধান-৫৬, ব্রি ধান-৫৭ এবং বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় উদ্ভাবিত বিইউ ধান-১ ইত্যাদি নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করা হচ্ছে মর্মে ডিএই'র প্রতিনিধি সভাকে অবহিত করেন।
	(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। **দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস**	(৪) কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধি সভায় জানান যে, কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় আউশ বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করেছে। তাছাড়া চলতি ২০১২ খরিপ-১ মৌসুমে সরকারের ৩৫ কোটি টাকা বরাদ্দ সম্বলিত আউশ ধান(বোনা আউশ, নেরিকা ও উফশী আউশ) আবাদে বিশেষ সহায়তা কর্মসূচি সারাদেশব্যাপী ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং একইসাথে সরকারী ও বেসরকারী সকল টেলিভিশন চ্যানেলে সরকারের উক্ত সহায়তা কর্মসূচি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে কৃষি তথ্য সার্ভিস এর প্রতিনিধি সভায় অবহিত করেন।
	বিষয় ঃ ২০১২-১৩ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। (১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ভিত্তি ৪৩ মে.টন (১৩ মে.টন দেশী ও ৩০ মে.টন তোষা) এবং প্রত্যায়িত শ্রেণীর ১৬০৭ মে.টন (৪৩৭ মে.টন দেশী ও ১১৭০ মে.টন তোষা) সহ মোট ১৬৫০ মে.টন পাট বীজ উৎপাদন করবে। **দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ**	(১) বিএডিসি কর্তৃক ২০১২-১৩ বর্ষে মৌল বীজ থেকে ভিত্তি ৪৩ মে.টন (১৩ মে.টন দেশী ও ৩০ মে.টন তোষা) এবং ভিত্তি বীজ থেকে প্রত্যায়িত শ্রেণীর ১৬০৭ মে.টন (৪৩৭ মে.টন দেশী ও ১১৭০ মে.টন তোষা) সহ মোট ১৬৫০ মে.টন পাট বীজ উৎপাদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মাঠে পাট বীজ বপন কাজ মে মাসের প্রথম সপ্তাহ হতে সেপ্টেম্বর /২০১২ মাসের মাঝামাঝি পর্যন্ত চলবে।
	(২) ২০১২-১৩ বর্ষে 'বিজেআরআই' ৫টি জাতের ৪৮৫ কেজি এবং 'বিনা' ২টি জাতের ৪১ কেজিসহ মোট ৫২৬ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। **দায়িত্বঃ বিজেআরআই ও বিনা**	(২) ২০১২-১৩ বর্ষে উৎপাদনের জন্য 'বিজেআরআই' এর নিকট থেকে ৫টি জাতের ৫০৫ কেজি এবং 'বিনা' এর নিকট থেকে বিনা পাট শাক জাতের ১৫ কেজিসহ মোট ৫২০ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ বিএডিসি'কে সরবরাহের জন্য চাহিদাপত্র দেয়া হয়েছে। চাহিদানুযায়ী উক্ত পরিমাণ মৌল পাট বীজ সরবরাহের বিষয়ে 'বিজেআরআই' এবং 'বিনা'এর সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক টেলিফোনে নিশ্চিত করা হয়েছে।

আলোচ্যসূচীর ক্রমিক নং	বিষয়	বাস্তবায়নের অগ্রগতি
	(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে । **দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান**	(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান পাটের নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে প্রদর্শনী প্লট স্থাপনের কাজ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে টেলিফোনে জানানো হয়েছে । তাছাড়া সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি গবেষণা প্রতিষ্ঠান উদ্ভাবিত পাটের নতুন জাত সমূহের নির্দিষ্ট সংখ্যক প্রদর্শনী প্লট মাঠ পর্যায়ে স্থাপনের হালনাগাদ তথ্য শীঘ্র দাখিল করা হবে মর্মে সভাকে অবহিত করেন ।
	(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে । **দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস**	(৪) কৃষি তথ্য সার্ভিস গৃহীত কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় পাট বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করেছে ।
	(৫) চলতি ২০১১-১২ বর্ষে বিএডিসি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের ২০০ মে.টন তোষা পাট বীজ ভারতের মহারাষ্ট্র থেকে আমদানীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । **দায়িত্বঃ কৃষি মন্ত্রণালয় ও বিএডিসি**	(৫) চলতি ২০১১-১২ বর্ষে বিএডিসি কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের ৯৬ মে.টন তোষা পাট বীজ ভারতের মহারাষ্ট্র থেকে আমদানীর কার্যক্রম গ্রহণ করেছে । এরই ধারাবাহিকতায় বিএডিসি'র ২ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল মহারাষ্ট্র ষ্টেট সীড কর্পোরেশন লিঃ এর বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র পরিদর্শনপুর্বক ৮৫% এবং তদুর্ধ অংকুরোদগম ক্ষমতা সম্পন্ন ৯৬ মে.টন জেআরও-৫২৪ জাতের পাট বীজ নির্বাচন করেন এবং উভয় পক্ষের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয় । চুক্তিপত্রের দর (প্রতি কেজি ১.৩০ মার্কিন ডলার) অনুমোদনের জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে । এ পর্যায়ে মহা পরিচালক(বীজ উইং), কৃষি মন্ত্রণালয় মহোদয় সভায় অবহিত করেন যে, দেশে কৃষকদের চাহিদার নিরীখে বিএডিসি'র মাধ্যমে চলতি ২০১১-১২ বর্ষে প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের ২০০ মে.টন তোষা পাট বীজ ভারতের মহারাষ্ট্র থেকে আমদানীর পদক্ষেপ গ্রহণ করা হয় । বিএডিসি ভারতের মহারাষ্ট্র ষ্টেট সীড কর্পোরেশনের সাথে এতদসংক্রান্ত চুক্তি পত্র স্বাক্ষর করে । কিন্তু পরবর্তীতে দেশে পাট বীজ বপনের সময় কমে যাওয়ায় এবং আমদানীতব্য পাটবীজের মূল্য বেশি হওয়ায় এবং আমদানীতব্য জেআরও-৫২৪ জাতের পাট বীজের চাহিদা হ্রাস পাওয়ার কারণে উক্ত পাট বীজ আমদানীর কার্যক্রম স্থগিত করা হয় ।

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩	২০১২-১৩ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।	সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১১২৭৭ মে.টন, ২০১০-১১ বর্ষে ২০৩৯৩ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ১৯১৩৬ মে.টন আমন বীজ বিতরণ করেছে। ২০১১-১২ বর্ষে উৎপাদিত ২৭০৯.৯৯ মে.টন ভিত্তি, ৩৪৮২.৯০ মে.টন প্রত্যায়িত ও ১৫৪৬৬.০৪ মে.টন মানঘোষিতসহ মোট ২১৬৫৮.৯৪ মে.টন আমন বীজ বিএডিসি'র নিকট ২০১২-১৩ মৌসুমে বিতরণের জন্য মজুদ রয়েছে। ২০১২-১৩ মৌসুমে উৎপাদন কাজে বিতরণের জন্য মজুদকৃত বীজ জেলাওয়ারী বরাদ্দসূচি এপ্রিল'২০১২ মাসে জারী করা হয়েছে। সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, বর্তমানে মজুদকৃত প্রায় ২৭১০ মে.টন ভিত্তি বীজের মধ্য হতে বিএডিসি'র নিজস্ব বীজ উৎপাদন কাজে প্রায় ১৯০ মে.টন বীজ ব্যবহৃত হবে। অবশিষ্ট (২৭১০-১৯০) = ২৫২০ মে.টন ভিত্তি বীজ হতে চলতি ২০১২-১৩ আমন মৌসুমে বীজ উৎপাদন কাজে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, এনজিও এবং বেসরকারী বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ভিত্তি বীজের চাহিদা মেটানো হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ২০১২-১৩ বর্ষের জন্য জাতীয় চাহিদার বিপরীতে প্রায় ২৭৫০০ মে.টন আমন বীজ কৃষক পর্যায়ে সরবরাহের চাহিদা জানানো হয়েছে। বিগত বছরসমূহে বিএডিসি'র বীজ বিতরণ ধারা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক ও নতুন উদ্ভাবিত সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে আমন মৌসুমে বীজ সরবরাহের লক্ষ্যে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৩৭৮৩ মে.টন ভিত্তি, ৪৬৪৮ মে.টন প্রত্যায়িত এবং ১৩৫৬৯ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ২২০০০ মে.টন আমন বীজ (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ২০০০ মে.টন সহ) উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। এ পর্যায়ে মহা পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের আমন বীজের ক্ষেত্রে বিআর-১১ জাত ৪২৭২ মে.টনের বিপরীতে কমিয়ে ৪০০০ মে.টন, ব্রিধান-৫১ (স্বর্ণা সাব-১) জাত ৩০০ মে.টন হতে বাড়িয়ে ৪০০ মে.টন, ব্রিধান-৫২ (বিআর-১১ সাব-১) জাত ৩০০ মে.টন হতে বাড়িয়ে ৫৭২ মে.টন এবং বিউধান-১ জাতের ৫০ মে.টনসহ মোট ২২১৫০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য মতামত ব্যক্ত করেন। কমিটির সদস্যবৃন্দ প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা করে প্রস্তাবমতে লক্ষ্যমাত্রা নির্ধারণে একমত পোষণ করেন। এ প্রেক্ষিতে সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে প্রস্তাবিত বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের জন্য 'ব্রি' হতে ২০৬৬০ কেজি, 'বিনা' থেকে ৩৪০০ কেজি এবং 'বশেমুরকৃবি' হতে ৫০০ কেজিসহ মোট ২৪০৬০ কেজি মৌল বীজ সরবরাহ করার প্রয়োজন হবে।	(১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ৩৮০৭ মে.টন ভিত্তি, ৪৮৫৬ মে.টন প্রত্যায়িত এবং ১৩৪৮৭ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২২১৫০ মে.টন (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ২০০০ মে.টন সহ) আমন বীজ উৎপাদন করবে। (২) ২০১২-১৩ বর্ষে 'ব্রি' ২২টি জাতের ২০৬৬০ কেজি, বিনা ২টি জাতের ৩৪০০ কেজি এবং বশেমুরকৃবি ১টি জাতের ৫০০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে। (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। ডিএই কতটি প্রদর্শনী বাস্তবায়ন করবে তার সংখ্যা আগামী সভায় উল্লেখ করতে হবে। (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় আমন বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও সংবাদপত্রসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ করবে।	বিএডিসি ও এসসিএ ব্রি, বিনা ও বশেমুরকৃবি ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান কৃষি তথ্য সার্ভিস

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		তিনি সভায় আরও জানান যে, গবেষণা প্রতিষ্ঠানসমূহ হতে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরিমাণ মৌল বীজ সরবরাহ পাওয়া গেলে বিএডিসি কর্তৃক ভিত্তি বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করা সম্ভব হবে। অন্যথায় বিএডিসি'র উৎপাদিত ও সংরক্ষিত নিজস্ব ভিত্তি শ্রেণীর বীজ দ্বারা ভিত্তি বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।		
০৪	২০১২-১৩ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।	সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ) সভায় জানান যে, বিএডিসি'র বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে ২০১১-১২ বর্ষে আমন বীজ উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমাত্রা ২০০০ মে. টনের বিপরীতে ২০৩১ মে.টন আমন বীজ সংগৃহীত হয়। তিনি সভায় প্রস্তাব করেন যে, বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে বীজ উৎপাদন ও সরবরাহ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ২০১২-১৩ বর্ষে ৩২০ মে.টন বিআর-২২, ১৫০০ মে.টন বিআর-২৩, ৫০ মে.টন ব্রিধান-৪৬, ৮০ মে.টন বিনাশাইল এবং ৫০ মে.টন নাইজারশাইল জাতসহ মোট ২০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।	বিএডিসি ২০১২-১৩ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার মধ্য হতে 'বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি'র মাধ্যমে ৩২০ মে.টন বিআর-২২, ১৫০০ মে.টন বিআর-২৩, ৫০ মে.টন ব্রিধান-৪৬, ৮০ মে.টন বিনাশাইল এবং ৫০ মে.টন নাইজারশাইল জাতসহ মোট ২০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদন করবে।	বিএডিসি
০৫	২০১২-১৩ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।	**৫.১ ডালবীজ ঃ** **৫.১.১ মুগ বীজ ঃ** সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ২৮৭.২৩ মে.টন, ২০১০-১১ বর্ষে ৩৮১.৮১৯ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৪৩৩.৯৩ মে.টন মুগ বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৪৯৫ মে.টন মুগ বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভাকে জানান যে, বারি ও বিনা থেকে মুগ ফসলের যে সকল নতুন জাত অবমুক্ত করা হয়েছে। তা বিএডিসি'র নিজস্ব খামারে ও চুক্তিবদ্ধ চাষী জোনে পরিবর্ধন করে এবং কৃষক পর্যায়ে বিতরণ করে জনপ্রিয় করা হচ্ছে। তাছাড়া দেশের ডাল জাতীয় ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ডাল জাতীয় বীজ সরবরাহ বাড়ানোর বিষয়টি বিবেচনায় নেয়া হয়েছে। কাজেই বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে ১৫০ মে.টন ভিত্তি ও ৪২৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ৫৭৫ মে.টন মুগ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় আরও জানান যে, ২০১২-১৩ বর্ষে মুগ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে ২০০০ কেজি বারিমুগ-৬, ১৩৩৩ কেজি বিনামুগ-৫, ১৬৭ কেজি বিনামুগ-৭, ১০০০ কেজি বিনা মুগ-৮ ও ৫০০ কেজি বিইউমুগ-৪ জাত সহ মোট ৫০০০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১৫০ মে.টন ভিত্তি এবং ৪২৫ মে.টন মানঘোষিতসহ মোট ৫৭৫ মে.টন মুগ বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে ২০০০ কেজি বারিমুগ-৬, ১৩৩৩ কেজি বিনামুগ-৫, ১৬৭ কেজি বিনামুগ-৭, ১০০০ কেজি বিনামুগ-৮ ও ৫০০ কেজি বিইউমুগ-৪ জাতসহ মোট ৫০০০ কেজি মৌলবীজ বারি, বিনা ও বিইউ বিএডিসি'কে সরবরাহ করবে। ৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ অধিক ফলনশীল, বৃষ্টি সহনীয়, একসাথে কর্তন ও সংগ্রহযোগ্য মুগ বীজের জাত উদ্ভাবনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে। ডিএই কৃষক পর্যায়ে নতুন উদ্ভাবিত মুগ ডালের জাতগুলো সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে।	বিএডিসি বারি, বিনা ও বশেমুরকৃবি ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান
		৫.১.২ মসুর বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ২১৭.১০১ মে.টন, ২০১০-১১ বর্ষে ৪৫৪.০৭৭ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৪৯৬.০৮ মে.টন মসুর বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৫০০ মে.টন মসুর বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, প্রকল্পের ডিপিপি,	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১৩৩ মে.টন ভিত্তি এবং ৪৭২ মে.টন মানঘোষিত বীজ সহ মোট ৬০৫ মে.টন মসুর বীজ উৎপাদন করবে।	বিএডিসি

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের মসুর বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে ১৩৩ মে.টন ভিত্তি এবং ৪৭২ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ৬০৫ মে.টন মসুর বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভাকে জানান যে, ২০১২-১৩ বর্ষে ভিত্তি শ্রেণীর মসুর বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৫০০ কেজি বারিমসুর-৩, ৪০০ কেজি বারিমসুর-৪, ৪৩৩ কেজি বারিমসুর-৫, ১৫০০ কেজি বারিমসুর-৬ এবং ৩০০ কেজি বিনামসুর-৫ ও ৩০০ কেজি বিনামসুর-৬ জাতসহ মোট ৪৪৩৩ কেজি মৌল বীজ প্রয়োজন হবে।	২) ২০১২-১৩ বর্ষে ১৫০০ কেজি বারিমসুর-৩, ৪০০ কেজি বারিমসুর-৪, ৪৩৩ কেজি বারিমসুর-৫ ও ১৫০০ কেজি বারিমসুর-৬ সহ মোট ৩৮৩৩ কেজি মৌলবীজ বারি কর্তৃক এবং ৩০০ কেজি বিনামসুর-৫ ও ৩০০ কেজি বিনামসুর-৬ জাতসহ মোট ৬০০ কেজি মৌলবীজ বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বারি ও বিনা
		৫.১.৩ ছোলা বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৪.৬৬৬ মে. টন, ২০১০-১১ বর্ষে ৫৬.৭৩০ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৬৭.৫৩ মে.টন ছোলা বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৯৫ মে.টন ছোলা বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক ও নতুন উদ্ভাবিত সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের ছোলা বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ মৌসুমে বিতরণের লক্ষ্যে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৪৮ মে.টন ভিত্তি ও ৪২ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ৯০ মে.টন ছোলা বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় উল্লেখ করেন যে, বর্ণিত পরিমাণ ছোলা বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে ১০০০ কেজি বারিছোলা-৫, ৩০০ কেজি বিনাছোলা-৪, ৩০০ কেজি বিনাছোলা-৫, ৩০০ কেজি বিনাছোলা-৬ এবং ৫০০ কেজি বিইউছোলা-১ সহ মোট ২৪০০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ভিত্তি ৩৫ মে.টন ও মানঘোষিত ৫৫ মে.টনসহ মোট ৯০ মে.টন ছোলা বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে ১০০০ কেজি বারিছোলা-৫, ৩০০ কেজি বিনাছোলা-৪, ৩০০ কেজি বিনাছোলা-৫, ৩০০ কেজি বিনাছোলা-৬ এবং ৫০০ কেজি বিইউছোলা-১ জাতসহ মোট ২৪০০ কেজি মৌলবীজ বারি, বিনা ও বশেমুরকৃবি বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি, বিনা ও বশেমুরকৃবি
		৫.১.৪ মাসকলাই বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৬১.৮৭৬ মে.টন, ২০১০-১১ বর্ষে ৯৭.৭২৮ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ১৬১.১৩ মে.টন মাসকলাই বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ২২০ মে.টন মাসকলাই বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের মাসকলাই বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ মৌসুমে বিতরণের লক্ষ্যে বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে ২৫ মে.টন ভিত্তি ও ২২৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ২৫০ মে.টন মাসকলাই বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভাকে জানান যে, ভিত্তি মাসকলাই বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে ২০১২-১৩ বর্ষে বারিমাস-৩ জাতের ১০০০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ২৫ মে.টন ভিত্তি ও ২২৫ মে.টন মানঘোষিতসহ মোট ২৫০ মে.টন মাসকলাই বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে বারিমাস-৩ জাতের ১০০০ কেজি মৌল বীজ বারি বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৫.১.৫ খেসারী বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৫৩.৯৩৬ মে.টন, ২০১০-১১ বর্ষে ১২০.৫৩০ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ১৪৮.৯২০ মে.টন খেসারী বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ১৫০ মে.টন খেসারী বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে বারি উদ্ভাবিত নূতন ২টি জাতের মধ্যে বারিখেসারী-১ জাতের ১৫মে.টন ও বারিখেসারী-২ জাতের ৭ মে.টন এবং বিনা উদ্ভাবিত বিনাখেসারী-১ জাতের ২.৫ মে.টনসহ মোট ২৪.৫ মে.টন ভিত্তি এবং বারিখেসারী-১ জাতের ৫৩ মে.টন ও বারিখেসারী- ২ জাতের ২২ মে.টন এবং বিনাখেসারী-১ জাতের ৫৫.৫ মে.টনসহ মোট ১৩০.৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ১৫৫ মে.টন খেসারী বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে বারি উদ্ভাবিত ২টি (বারিখেসারী-১ ও বারিখেসারী-২) এবং বিনা'র ১টি (বিনাখেসারী-১) জাতের ২৪.৫ মে.টন ভিত্তি ও ১৩০.৫ মে.টন মানঘোষিতসহ মোট ১৫৫ মে.টন খেসারী বীজ উৎপাদন করবে।	বারি ও বিনা
		সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ভিত্তি খেসারী বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে বারিখেসারী-১ জাতের ৬০০ কেজি ও বারিখেসারী-২ জাতের ২৮০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ১০০ কেজিসহ মোট ৯৮০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে।	২) ২০১২-১৩ বর্ষে বারিখেসারী-১ ও বারিখেসারী-২ জাতের মোট ৮৮০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ১০০ কেজি মৌলবীজ যথাক্রমে বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বারি ও বিনা
		৫.১.৬ মটর বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩.৬৭৭ মে.টন, ২০১০-১১ বর্ষে ৪১.১৩ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৫৯.৩৯ মে.টন মটর বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৪৫ মে.টন মটর বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের মটর বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ৪৫ মে.টন মানঘোষিত শ্রেণীর মটর বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভাকে জানান যে, বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ৪৫ মে.টন মানঘোষিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে উৎপাদিত মানঘোষিত শ্রেণীর বিএডিসি মটর-১ জাতের ৫৯.৩৯ মে.টন বীজের মজুদ হতে ২.২৫ মে.টন বীজ ব্যবহার করা প্রয়োজন।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ৪৫ মে.টন মানঘোষিত বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে মটর বীজ উৎপাদনের জন্য বিএডিসি'র নিজস্ব মজুদ হতে বিএডিসি মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর প্রয়োজনীয় বীজ ব্যবহার করবে।	বিএডিসি বিএডিসি
		৫.১.৭ ফেলন বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১০ মে.টন, ২০১০-১১ বর্ষে ৫৪.৫ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৫৯.১ মে.টন বারিফেলন-১ জাতের বীজ চাষী পর্যায়ে বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৭৫ মে.টন বারিফেলন-১ জাতের বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভায় জানান যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে বারিফেলন-১ জাতের ১০ মে.টন ভিত্তি ও ৭০ মে. টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৮০ মে.টন ফেলন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১০ মে.টন ভিত্তি ও ৭০ মে.টন মানঘোষিত সহ মোট ৮০ মে.টন ফেলন বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে বারিফেলন-১ জাতের ৩০০ কেজি মৌলবীজ বারি বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সদস্য সচিব সভায় জানান যে, ফেলন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে বারিফেলন-১ জাতের ৩০০ কেজি মৌলবীজের প্রয়োজন হবে। এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের ডাল বীজের ক্ষেত্রে বিশেষভাবে মুগ, মসুর ছোলা, মাসকলাই ও ফেলন বীজের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং ভবিষ্যতে ডাল জাতীয় বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বৃদ্ধির বিষয়ে মতামত প্রদান করেন। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের পরামর্শের আলোকে প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি সভায় জানান যে, ডাল জাতীয় বীজের উৎপাদন বাড়ানো হলে অনেক ক্ষেত্রে মৌসুম শেষে অবিক্রিত থাকার সম্ভাবনা থাকে। কাজেই আগামীতে ডাল জাতীয় বীজ বিক্রয়ের গতিধারা অনুসরণপূর্বক এবং ২০১২-১৩ বর্ষের জন্য প্রস্তাবিত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে মুগ, মসুর ছোলা, মাসকলাই ও ফেলন বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে।		
		৫.২ তৈলবীজ ঃ **৫.২.১ সরিষা বীজ ঃ** সদস্য সচিব সভাকে জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৮৭.২১২ মে.টন, ২০১০-১১ বর্ষে ৬৪৮.০৬৫ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৭১৫.৫১ মে.টন সরিষা বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৮০০ মে.টন সরিষা বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভায় আরও জানান যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের সরিষা বীজ বিক্রয়ের গতিধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১২০ মে.টন ভিত্তি ও ৮৩৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ৯৫৬ মে. টন সরিষা বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় বলেন যে, উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে ১৫০ কেজি সম্পদ, ৩৫০ কেজি বারিসরিষা-৯, ১৩০ কেজি বারিসরিষা-১১, ১৭০ কেজি বারিসরিষা-১৪, ৫০ কেজি বারিসরিষা-১৫ এবং ২০০ কেজি বিনা সরিষা-৪, ৫০ কেজি বিনাসরিষা-৫, ৫০ কেজি বিনাসরিষা-৭, ৫০ কেজি বিনাসরিষা-৮ জাতসহ মোট ১২০০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১২০ মে.টন ভিত্তি ও ৮৩৬ মে.টন মানঘোষিত সহ মোট ৯৫৬ মে.টন সরিষা বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে ১৫০ কেজি সম্পদ, ৩৫০ কেজি বারিসরিষা-৯, ১৩০ কেজি বারিসরিষা-১১, ১৭০ কেজি বারিসরিষা-১৪, ৫০ কেজি বারিসরিষা-১৫ এবং ২০০ কেজি বিনা সরিষা-৪ ৫০ কেজি বিনাসরিষা-৫, ৫০ কেজি বিনাসরিষা-৭, ৫০ কেজি বিনাসরিষা-৮ জাতসহ মোট ১২০০ কেজি মৌলবীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি ও বিনা
		৫.২.২ চীনাবাদাম বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১৫২.৪৪২ মে.টন, ২০১০-১১ বর্ষে ১৬৪.৯৮৩ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ২০৯.৮০ মে.টন চীনাবাদাম বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ২১০ মে.টন চীনাবাদাম বীজ সংগ্রহের কার্যক্রম চলছে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে বিভিন্ন জাতের ৬৭ মে.টন ভিত্তি ও ১৫০ মে.টন মানঘোষিতসহ মোট ২১৭ মে.টন চীনাবাদাম বীজ উৎপাদন করবে।	বিএডিসি

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		তিনি সভাকে আরও জানান যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৬৭ মে.টন ভিত্তি ও ১৫০ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ২১৭ মে. টন চীনাবাদাম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় জানান যে, উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে ২৭০০ কেজি ঢাকা-১, ১৩৫০ কেজি ঝিংগাবাদাম, ১৮০ কেজি বারিবাদাম-৮ এবং ১৩৫০ কেজি বিনাবাদাম-৪, ৪০০ কেজি বিনা বাদাম-৬ জাতসহ মোট ৫৯৮০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে।	২) ২০১২-১৩ বর্ষে ২৭০০ কেজি ঢাকা-১, ১৩৫০ কেজি ঝিংগাবাদাম, ১৮০ কেজি বারিবাদাম-৮ এবং ১৩৫০ কেজি বিনাবাদাম-৪, ৪০০ কেজি বিনা বাদাম-৬ জাতসহ মোট ৫৯৮০ কেজি মৌল বীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বারি ও বিনা
		৫.২.৩ সয়াবীন বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১৫০.৯৬১ মে.টন, ২০১০-১১ বর্ষে ১২১.৭৪১ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ১২৮.৬৯ মে.টন সয়াবীন বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৩২০ মে.টন সয়াবীন বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভায় আরও জানান যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের সয়াবীন বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১০১ মে.টন ভিত্তি ও ২৬৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ৩৬৭ মে.টন সয়াবীন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় আরও জানান যে, ভিত্তি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে খরিপ-২ মৌসুমে ২৭৫ কেজি সোহাগ, ২৭৫ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২৪৭৫ কেজি সোহাগ, ১৯২৫কেজি বারিসয়াবীন-৫, ২৭৫ কেজি বারিসয়াবীন-৬ এবং ১৫০কেজি বিনাসয়াবিন-১, ১৫০ কেজি বিনাসয়াবিন-২ জাতসহ মোট ৫৫২৫ কেজি মৌলবীজ প্রয়োজন।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১০১ মে.টন ভিত্তি ও ২৬৬ মে.টন মানঘোষিতসহ মোট ৩৬৭ মে.টন সয়াবীন বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে খরিপ-২ মৌসুমে ২৭৫ কেজি সোহাগ, ২৭৫ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২৪৭৫ কেজি সোহাগ, ১৯২৫ কেজি বারিসয়াবীন-৫, ২৭৫ কেজি বারিসয়াবীন-৬ এবং ১৫০ কেজি বিনাসয়াবিন-১, ১৫০ কেজি বিনাসয়াবিন-২ জাত সহ মোট ৫৫২৫ কেজি মৌলবীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি
		৫.২.৪ সূর্যমুখী বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩.২৯৯ মে.টন, ২০১০-১১ বর্ষে ৭.০৮৬ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ২.৩৬ মে.টন সূর্যমুখী বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ১২ মে.টন সূর্যমুখী বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভায় উল্লেখ করেন যে, প্রকল্পের ডিপিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের সূর্যমুখী বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২ মে.টন ভিত্তি ও ৮ মে.টন মানঘোষিতসহ মোট ১০ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভায় জানান যে, ভিত্তি সূর্যমুখী বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০১২-১৩ বর্ষে ২০ কেজি কিরনী ও ২০ কেজি বারিসূর্যমুখী-২ জাতসহ মোট ৪০ কেজি মৌল বীজের প্রয়োজন হবে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ২ মে.টন ভিত্তি ও ৮ মে.টন মানঘোষিত সহ মোট ১০ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে কিরনী জাতের ২০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ২০ কেজি সহ মোট ৪০ কেজি মৌল বীজ বারি বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৫.২.৫ তিল বীজ ঃ সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৩.৫৩৪ মে.টন, ২০১০-১১ বর্ষে ৭৩.১১৯ মে.টন এবং ২০১১-১২ বর্ষে ৩৫.৪৯ মে.টন তিল বীজ বিতরণ করেছে। ২০১২-১৩ বর্ষে ৯০ মে.টন তিল বীজ সংগ্রহের কার্যক্রম চলছে। তিনি সভায় উল্লেখ করেন যে, প্রকল্পের ডিপিপি'র সংস্থান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক সম্ভাবনাময় জাতসমূহের প্রসার ও বিগত বছরের তিল বীজ বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৩-১৪ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১৯ মে.টন ভিত্তি ও ১৩১ মে.টন মানঘোষিত শ্রেণীসহ বিভিন্ন জাতের মোট ১৫০ মে.টন তিল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ভিত্তি তিল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে ২০১২-১৩ বর্ষে ১০০ কেজি বারিতিল-২, ২০ কেজি বারিতিল-৩, ২০ কেজি বারিতিল-৪ এবং ২০ কেজি বিনাতিল-১, ৩০ কেজি বিনাতিল-২ জাতসহ মোট ১৯০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে। এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের তৈল জাতীয় বীজ বিশেষভাবে সরিষা, চীনাবাদাম, সয়াবিন ও তিল বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি সভায় জানান যে, ২০১২-১৩ বর্ষের জন্য প্রস্তাবিত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে আগামীতে সরিষা, চীনাবাদাম, সয়াবিন ও তিল বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে।	১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ১৯ মে.টন ভিত্তি ও ১৩১ মে.টন মানঘোষিত শ্রেণীর বিভিন্ন জাতের মোট ১৫০ মে.টন তিল বীজ উৎপাদন করবে। ২) ২০১২-১৩ বর্ষে ১০০ কেজি বারিতিল-২, ২০ কেজি বারিতিল-৩, ২০ কেজি বারিতিল-৪ এবং ২০ কেজি বিনাতিল-১, ৩০ কেজি বিনাতিল-২ জাতসহ মোট ১৯০ কেজি মৌল বীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।	বিএডিসি বারি ও বিনা
০৬	**বিবিধ ঃ সীড প্রমোশন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রকাশনা।**	সীড ফেডারেশন অব বাংলাদেশ এর সভাপতি জনাব কৃষিবিদ মোঃ শাহজাহান আলী সভায় অভিমত ব্যক্ত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তরের সাথে বীজ সংশ্লিষ্ট কর্মকাণ্ড বিষয়ে আলোচনা, পর্যালোচনা, সীড প্রমোশন কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি, বীজ উৎপাদন এবং বিপণনের ধারাবাহিক সাফল্যসহ বিভিন্ন তথ্যাদি সীড প্রমোশন কমিটির কার্যবিবরণীতে বিদ্যমান। এ কার্যবিবরণীসমূহ একত্রিভূত করে সংরক্ষিত রাখা হলে দ্রুত তথ্য প্রাপ্তি সহজতর হবে। তাছাড়া তিনি সভায় আরও উল্লেখ করেন যে, জাতীয় বীজ বোর্ডের ৩৪তম সভার সিদ্ধান্ত অনুসারে বোর্ড সভার সকল Documents Editted আকারে সংরক্ষণ করা হচ্ছে। কাজেই এ পর্যন্ত অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ১ম থেকে ৬০তম সভার কার্যবিবরণী একত্রিভূত করে বহি আকারে সংরক্ষণ ও সীড প্রমোশন কমিটির ৬০তম সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকাশের উদ্যোগ নেয়া প্রয়োজন। সে লক্ষ্যে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ১ম থেকে ৬০তম সভার কার্যবিবরণী একত্রিভূত ও Documents Edit করণসহ বহি আকারে প্রকাশের কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।	সীড প্রমোশন কমিটির সদস্য সচিবকে আহবায়ক করে কৃষি মন্ত্রণালয়ের ১ জন প্রতিনিধি এবং সীড ফেডারেশন অব বাংলাদেশ এর সভাপতিসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি যথাশীঘ্র সভা আহবান করে কার্যবিবরণী একত্রিত করে বহি আকারে প্রকাশের ব্যবস্থা নিবেন।	কৃষি মন্ত্রণালয়, বিএডিসি ও সীড ফেডারেশন অব বাংলাদেশ

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা/প্রস্তাবনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		তাঁর প্রস্তাবের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন এবং সর্বসম্মতিক্রমে কমিটি গঠনের সিদ্ধান্ত প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন । এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় সীড প্রমোশন কমিটির কার্যবিবরণী প্রকাশনার ব্যাপারে সদস্য সচিবকে আহবায়ক করে মন্ত্রণালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করেন ।		

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সীড ফেডারেশন অব বাংলাদেশ এর সভাপতি জনাব কৃষিবিদ মোঃ শাহজাহান আলী গত ২৯/০৪/২০১২ তারিখে ঢাকাস্থ ওসমানী মিলনায়তনে কৃষি মন্ত্রণালয় আয়োজিত **'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৭'** শীর্ষক পদক বিতরণ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় **প্রধানমন্ত্রী শেখ হাসিনা** কর্তৃক সরকারী প্রতিষ্ঠান **বিএডিসি** ও **বারি** কে স্বর্ণ পদক প্রদান করায় অদ্যকার সভার মাধ্যমে প্রতিষ্ঠান দুইটির কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব করেন । তিনি সভায় আরও জানান যে, বিএডিসি'র স্বর্ণ পদক প্রাপ্তির পিছনে সংস্থার চেয়ারম্যান ড. এস এম নাজমুল ইসলাম ও সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ নুরুজ্জামান এর অক্লান্ত পরিশ্রম, দূরদর্শীতা এবং Dynamic Teamwork ও সময়োপযোগী দিক নির্দেশনাসহ সঠিক নেতৃত্বের কারণেই সম্ভব হয়েছে । এ বাস্তবতায় তিনি উভয় কর্মকর্তাকে বিশেষভাবে ধন্যবাদ জানানোর জন্য সভায় প্রস্তাব করেন । তিনি সভায় আরও বলেন যে, সীড প্রমোশন কমিটির গত ৫৮তম সভায় বিএডিসি'র মাধ্যমে SL-8H সুপার হাইব্রিড জাতের ধান উৎপাদনের ক্ষেত্রে প্রায়শঃ সুপার হাইব্রিড নাম নিয়ে সংশ্লিষ্ট সকলের প্রশ্নের সম্মুখীন হতে হয় । এ বিষয়ে তিনি নিশ্চিতভাবে জানান যে, এ জাতটি ফিলিপাইনে SL-8H সুপার হাইব্রিড জাতের ধান হিসেবে Release হয়েছে- যা Indica X Japonica inter sub specific crossing এর মাধ্যমে উদ্ভাবিত । তিনি তাঁর বক্তব্যে অদ্যকার সীড প্রমোশন কমিটির সভাপতি হিসাবে কৃষি মন্ত্রণালয়ের আতিরিক্ত সচিব(প্রশাসন ও উপকরণ) জনাব সৈয়দ মুস্তাফীজুর রহমান মহোদয়ের প্রথম সভা পরিচালনা করার জন্য উপস্থিত সকল সদস্যের পক্ষ থেকে তাঁকে সুস্বাগতম এবং অভিনন্দন জানান ।

সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি জনাব মোঃ নুরুজ্জামান বিবিধ আলোচনায় অংশ নিয়ে **"বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৭"** বিএডিসিকে প্রদান করায় তিনি মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় কৃষি মন্ত্রী ও কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন । একই সাথে তিনি সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সার্বিক নেতৃত্বদান এবং কৃষির উন্নয়নে বলিষ্ঠ ভূমিকার ভূয়সী প্রশংসা করেন । তাছাড়া তিনি সভায় জানান যে, মহা পরিচালক, বীজ উইং জনাব মোঃ আনোয়ার ফারুক মহোদয়ের একনিষ্ঠ নেতৃত্ব দানের কারণে জাতীয় পর্যায়ে ফলপ্রসু বীজ মেলা এবং কৃষি, ফলদ ও বনজ বৃক্ষমেলা প্রভৃতি অনুষ্ঠিত হয়েছে । উক্ত মেলা উদ্‌যাপনের ফলে দেশব্যাপী বীজ শিল্পের উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে এবং কৃষকদের গুণগতমানের বীজ ব্যবহারে আগ্রহ সৃষ্টি হয়েছে । কৃষি সেক্টরের সরকারি সকল প্রতিষ্ঠানের পাশাপাশি তিনি কৃষক পর্যায়ে বীজ সরবরাহ ব্যবস্থপনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিকভাবে সহযোগিতা কামনা করেন ।

পরিশেষে সভাপতি ~~মহোদয়~~ অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দের প্রাণবন্ত আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি ~~মহোদয়~~ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭।৫।১২

(সৈয়দ মুস্তাফীজুর রহমান)
সভাপতি, সীড প্রমোশন কমিটি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয় ।

২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৬০তম সভার কার্যবিবরণী

পাট বীজ বিভাগ, খামার বিভাগ, কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ, আলু বীজ বিভাগ, বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি এবং ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নির্ধারিত আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)

জাত	শ্রেণী			মোট
	ভিত্তি	প্রত্যায়িত	মানঘোষিত	
বিআর-১০	৩০০	১০০	৬০০	১০০০
বিআর-১১	৫০০	১৫০০	২০০০	৪০০০
বিআর-২২	৫০	২০০	১৭৫০	২০০০
বিআর-২৩	৪০	৩০০	২১৬০	২৫০০
ব্রিধান-৩০	২৬৫	১০০	২৮৫	৬৫০
ব্রিধান-৩২	১৭০	৫৫০	১২৮০	২০০০
ব্রিধান-৩৩	১৭৪		৪২৬	৬০০
ব্রিধান-৩৪	২০	১০০	২৮০	৪০০
ব্রিধান-৩৭	৫			৫
ব্রিধান-৩৮	১৫			১৫
ব্রিধান-৩৯	২০৫	১০০	৪৯৫	৮০০
ব্রিধান-৪০	১৫০	১০০	২৫০	৫০০
ব্রিধান-৪১	৬০	৩০০	৮৪০	১২০০
ব্রিধান-৪৪	৩১৫			৩১৫
ব্রিধান-৪৬			১০০	১০০
ব্রিধান-৪৯	৫৬০	৫০০	২০৬৮	৩১২৮
ব্রিধান-৫১	৩৬	২১৪	১৫০	৪০০
ব্রিধান-৫২	৫০	২২২	৩০০	৫৭২
ব্রিধান-৫৩	৫০			৫০
ব্রিধান-৫৪	৫০			৫০
ব্রিধান-৫৬	৫০			৫০
ব্রিধান-৫৭	৫০			৫০
বিউধান-১	৫০			৫০
বিনাধান-৭	৬২৭	৫০০	৩৭৩	১৫০০
বিনাশাইল	৫	৭০	৮০	১৫৫
নাঃ শাইল	১০		৫০	৬০
মোট ঃ	৩৮০৭	৪৮৫৬	১৩৪৮৭	২২১৫০

বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে নির্ধারিত আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)

জাত	মানঘোষিত শ্রেণী
বিআর-২২	৩২০
বিআর-২৩	১৫০০
ব্রিধান-৪৬	৫০
বিনাশাইল	৮০
নাঃ শাইল	৫০
মোট ঃ	২০০০

মৌল বীজের চাহিদা(কেজি)

২০১২-১৩ (মে '১২)	২০১৩-১৪ (মে' ১৩)
১২৫০	১২৫০
২১০০	২১০০
৩৫০	৩৫০
২৫০	২৫০
১৫০০	১৫০০
১০৫০	১০৫০
১২০০	১২০০
২০০	২০০
৫০	৫০
১৫০	১৫০
১২০০	১২০০
১০৪০	১০৪০
৪০০	৪০০
১৫০০	১৫০০
৩০০০	৩০০০
২৫০	২৫০
২৫৭০	২৫৭০
৫০০	৫০০
৫০০	৫০০
৫০০	৫০০
৫০০	৫০০
৫০০	৫০০
৩৩৫০	৩৩৫০
৫০	৫০
১০০	১০০
২৪০৬০	২৪০৬০

(মুসতাক আহমেদ)
উপ ব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা।

২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ডাল ও তৈলবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা এবং NARS এর নিকট ব্রীডার বীজের চাহিদা ও সরবরাহ সংক্রান্ত তথ্য

পরিশিষ্ট - খ

ক) ডাল বীজ

ফসলের নাম	জাত	২০১২-১৩ বর্ষে ডাল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)			২০১২-১৩ বর্ষে ব্রীডার বীজের চাহিদা (কেজি) এবং NARS কর্তৃক সরবরাহ (কেজি)	
		ভিত্তি	মানঘোষিত	মোট	বিএডিসি'র চাহিদা	NARS কর্তৃক সরবরাহ
১। মুগ	বারিমুগ-৬	৬০	২২৫	২৮৫	২০০০	
	বিনামুগ-৫	৪০	১৬০	২০০	১৩৩৩	
	বিনামুগ-৭	৫	১৫	২০	১৬৭	
	বিনামুগ-৮	৩০	---	৩০	১০০০	
	বিইউমুগ-৪	১৫	২৫	৪০	৫০০	
	মোট	**১৫০**	**৪২৫**	**৫৭৫**	**৫০০০**	
২। মসুর	বারিমসুর-৩	৪৫	১৭০	২১৫	১৫০০	
	বারিমসুর-৬	৪৫	১৫২	১৯৭	১৫০০	
	বারিমসুর-৫	১৩	৯০	১০৩	৪৩৩	
	বারিমসুর-৪	১২	৬০	৭২	৪০০	
	বিনামসুর-৫	৯		৯	৩০০	
	বিনামসুর-৬	৯		৯	৩০০	
	মোট	**১৩৩**	**৪৭২**	**৬০৫**	**৪৪৩৩**	
৩। ছোলা	বিইউছোলা-১	১০	১৮	২৮	৫০০	
	বারিছোলা-৫	২০	১৪	৩৪	১০০০	
	বিনাছোলা-৪	৬	১০	১৬	৩০০	
	বিনাছোলা-৫	৬		৬	৩০০	
	বিনাছোলা-৬	৬		৬	৩০০	
	মোট	**৪৮**	**৪২**	**৯০**	**২৪০০**	
৪। মাসকলাই	বারিমাস-৩	২৫	২২৫	২৫০	১০০০	
	মোট	**২৫**	**২২৫**	**২৫০**	**১০০০**	
৫। খেসারী	বিনাখেসারী-১	২.৫	৫৫.৫	৫৮.০	১০০	
	বারিখেসারী-১	১৫.০	৫৩.০	৬৮.০	৬০০	
	বারিখেসারী-২	৭.০	২২.০	২৯.০	২৮০	
	মোট	**২৪.৫**	**১৩০.৫**	**১৫৫.০**	**৯৮০**	
৬। মটর	বিএডিসিমটর-১	-	৪৫	৪৫	-	
	মোট	**০**	**৪৫**	**৪৫**	**০**	
৭। ফেলন	বারিফেলন-১	১০	৭০	৮০	৩০০	
	মোট	**১০**	**৭০**	**৮০**	**৩০০**	
সর্বমোট ডাল বীজ		**৩৯০.৫**	**১৪০৯.৫**	**১৮০০.০**	**১৪১১৪**	

(মুসতাক আহিমেদ)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা।

বীজ

ফসলের নাম	জাত	২০১২-১৩ বর্ষে তেল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)			২০১২-১৩ বর্ষে ব্রীডার বীজের চাহিদা (কেজি) এবং **NARS** কর্তৃক সরবরাহ (কেজি)	
		ভিত্তি	মানঘোষিত	মোট	বিএডিসি'র চাহিদা	NARS কর্তৃক সরবরাহ
১। সরিষা	টরি-৭		৩২২	৩২২		
	বারিসরিষা-৯	৩৫	২৩১	২৬৬	৩৫০	
	সম্পদ	১৫	৭৫	৯০	১৫০	
	বারিসরিষা-১১	১৩	৭৫	৮৮	১৩০	
	বিএডিসিসরিষা-১		৪৫	৪৫		
	বারিসরিষা-১৫	৫	৪৫	৫০	৫০	
	বিনাসরিষা-৪	২০		২০	২০০	
	বিনাসরিষা-৫	৫	১০	১৫	৫০	
	বারিসরিষা-১৪	১৭	৩৩	৫০	১৭০	
	বিনাসরিষা-৭	৫		৫	৫০	
	বিনাসরিষা-৮	৫		৫	৫০	
	মোট	১২০	৮৩৬	৯৫৬	১২০০	
২। চীনাবাদাম	ঢাকা-১	৩০	৬৫	৯৫	২৭০০	
	ঝিংগাবাদাম	১৫	৪০	৫৫	১৩৫০	
	বিনাবাদাম-৪	১৫	৩৫	৫০	১৩৫০	
	বিনাবাদাম-৬	৫		৫	৪০০	
	বারিবাদাম-৮	২	১০	১২	১৮০	
	মোট	৬৭	১৫০	২১৭	৫৯৮০	
৩। সয়াবীন	**খরিফ-২ ঃ**					
	সোহাগ	৫	৫	১০	২৭৫	
	বারিসয়াবীন-৫	৫	৫	১০	২৭৫	
	রবি ঃ					
	সোহাগ	৪৫	১৩৫	১৮০	২৪৭৫	
	বারিসয়াবীন-৫	৩৫	১০৯	১৪৪	১৯২৫	
	বারিসয়াবীন-৬	৫	১২	১৭	২৭৫	
	বিনাসয়াবীন-১	৩		৩	১৫০	
	বারিসয়াবীন-৬	৩		৩	১৫০	
	মোট	১০১	২৬৬	৩৬৭	৫৫২৫	
৪। সুর্যমূখী	কিরনী	১	৪	৫	২০	
	বারি সুর্যমূখী-২	১	৪	৫	২০	
	মোট	২	৮	১০	৪০	
৫। তিল	টি-৬		৫২	৫২		
	বারিতিল-২	১০	৫০	৬০	১০০	
	বারিতিল-৩	২	৮	১০	২০	
	বারিতিল-৪	২	১৩	১৫	২০	
	বিনাতিল-১	২	৮	১০	২০	
	বিনাতিল-২	৩		৩	৩০	
	মোট	**১৯**	**১৩১**	**১৫০**	**১৯০**	
সর্বমোট তৈল বীজ		**৩০৯**	**১৩৯১**	**১৭০০**	**১২৯৩৫**	
সর্বমোট ডাল ও তৈল বীজ		**৬৯৯.৫**	**২৮০০.৫**	**৩৫০০.০**	**২৭০৪৯**	

(মুস্তাক আহমেদ)
উপ ব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-'ক'

কৃষি মন্ত্রণালয়ে ০৮/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬০তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

স্থান ঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৫১২, ভবন নং ০৪), বাংলাদেশ সচিবালয় সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	বিভাগ/ সংস্থার নাম	মোবাইল নং/ ই-মেইল নং	স্বাক্ষর
১	আনোয়ার ফারুক অতিরিক্ত সচিব ও মহা পরিচালক (বীজ)	কৃষি মন্ত্রণালয়	01711 564572	[signature] 8/5/12
২	মো: [illegible] সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)	বিএডিসি	9552696	[signature] 8/5/12
৩	এ.এইচ. ইকবাল আহমেদ পরিচালক	বীজ প্রত্যয়ন এজেন্সী	01711112170	[signature] 8.5.12
৪	মোঃ আজিজুল হক সহঃ প্রকল্প [illegible]	বিএডিসি	01711 980249	[signature] 8.5.12
৫	মোঃ [illegible] অতিরিক্ত [illegible]	বিএডিসি,	01912080118	[signature]
৬	মোঃ আবুল হাসেম উপ পরিচালক খামারবাড়ী, ঢাকা	ডিএই	01911289929	[signature]
৭	মো: আবু মোমেন মোল্লা [illegible]	[illegible]	01728224968	[signature] 8/5/2012
৮	এ.টি.এম রফিকুল ইসলাম [illegible]	বিএমডিএ রাজশাহী	01712702921	[signature] 8/5/12
৯	সৈয়দ খোরশেদ আলম প্রধান [illegible]	এ. আই. [illegible]	01714266296	[signature]
১০	মো: মুস্তাফিজুর রহমান [illegible]	[illegible]	01816719739	[signature]
১১	ড: এম. এ. সামাদ	বা. কৃ. বি. ময়মনসিংহ	01740596883	[signature] 8/5/12

E:\SPC_60\Attendance_60.doc

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	বিভাগ/ সংস্থার নাম	মোবাইল নং/ ই-মেইল নং	স্বাক্ষর
১২	মো: উবায়দুল ইসলাম, উপ ব্যবস্থাপক (বীজ)	বিএডিসি	01712825292	08/05/12
১৩	মো: নুরুল হক, প্রকল্প পরিচালক (বীজ)	বিএডিসি	01982608287	8/5/12
১৪	ড. মো: আব্দুল ছালাম, পরিচালক (সম্প্রসারণ)	বিনা	01711268270	8/5/12
১৫	ড. মো: নাজমুল ইসলাম, উপ-পরিচালক, জল ও [illegible] বিভাগ	বিএডিসি	01711-886062	8/5/12
১৬	[illegible]	বিএডিসি	01552685006	8/5/12
১৭	মো: [illegible]	-ঐ-	01916 820642	8/5/12
১৮	আশুতোষ লাহিড়ী, প্রকল্প-পরিচালক, বীজ (সবজি)	বিএডিসি	01711-868016	8/5/2012
১৯	Md. Shahjahan Ali, Advisor, Petrochem (BD) Ltd	SFB / BSA	01730013391 alliedmsali@yahoo.com	8/5/2012
২০	Dr. Mohammad Khalequzzaman, পরিচালক (বী: প্র:)	বি, এসসিআই	01715752595 zamanmk64@Yahoo.co.uk	8/5/2012
২১	Dr. Md. Shamsher Ali	বি, [illegible]	01715158031 mdsali2003@gmail.com	8/5/12
২২	Dr. M. Moynul Haque, Professor, Dept. of Agronomy	BSMRAU Gazipur	moynul60@yahoo.com	
২৩	Mohammad Hussain, Director (Agril)	BJRI	01552380852	8/5/12
২৪	মো: আনোয়ার হোসেন, [illegible]	সীড উইং, কৃষি মন্ত্রণালয়	01711 704943 anarbade@gmail.com	08/05/12

E:\SPC_60\Attendance_60.doc